## এক ঝলক

### তৃণমূল কর্মী খুনে উদ্ধার আগ্নেয়াস্ত্র

■ **স্টাফ রিপোর্টার, বারাকপুর:** বেলঘরিয়ায় তৃণমূল কর্মী খুনের ঘটনায় অভিযুক্ত চারজনকে গ্রেপ্তার করার পর এবার উদ্ধার হল খুনে ব্যবহৃত একটি আগ্নেয়াস্ত্র। ঘটনাস্থল সংলগ্ন এলাকা থেকেই সেটি উদ্ধার হয়েছে বলে বিশেষ সূত্রের খবর। যদিও পুলিশের তরফে এ নিয়ে কেউ মন্তব্য করতে চায়নি। কামারহাটি পুরসভার ৩৫ নম্বর ওয়ার্ডের রামকৃষ্ণ নগর ক্যানাল রোডের বাসিন্দা তৃণমূল কর্মী আনায়াতুল্লাহ ওরফে রেহানকে লক্ষ্য করে দুটি গুলি চালানো হয়েছিল। একটি গুলি লক্ষ্যভ্রষ্ট হলেও আরেকটি গুলি তাঁর মাথায় লেগেছিল। দুটি গুলিই উদ্ধার হওয়া আগ্নেয়াস্ত্র থেকে চালানো হয়েছিল বলেই সূত্রে খবর। তবে ঘটনার তিনদিন পরও আর কোনও অভিযুক্ত গ্রেপ্তার না হওয়া নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। তবে, বাকি অভিযুক্তদের খোঁজে জোর তল্লাশি চালানো হচ্ছে বলেই জানিয়েছে পুলিশ।

### জাল ওষুধের অভিযোগে বিক্ষোভ

■ **স্টাফ রিপোর্টার, বারাকপুর:** জাল ওষুধ বিক্রির অভিযোগ তুলে বিক্ষোভে উত্তেজনা। বৃহস্পতিবার রাতে এমনই অভিযোগে ধুন্ধুমার পরিস্থিতি হয় সোদপুর নীলগঞ্জ রোডে। শেষে খবর পেয়ে খড়দহ থানার বিশাল পুলিশ বাহিনী পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। স্থানীয় ও পরিবার সূত্রে জানা গিয়েছে, পানিহাটি পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের সোদপুর নিউ কলোনি এলাকার বাসিন্দা শুভঙ্কর সরকার তাঁর সন্তানের ঠান্ডা লাগায় চিকিৎসককে দেখিয়েছিলেন। প্রেসক্রিপশন মেনে প্রথমে নীলগঞ্জ রোডেরই একটি দোকান থেকে ওষুধ কেনেন তাঁরা। ওষুধ খেয়ে সন্তান পুরোপুরি সুস্থ না হওয়ায় ফের দম্পতি অন্য দোকান থেকে ওষুধ কেনেন। তখন তাঁরা দেখেন, প্রথমবার কেনা ওষুধের সঙ্গে নতুন কেনা ওষুধ মেলেনি। এনিয়ে জিজ্ঞাসা করলে দোকানদার জানায়, আগের দোকান জাল ওষুধ দিয়েছে। তখনই দম্পতির ধারণা হয়, জাল ওষুধ খাওয়ানোর কারণেই সুস্থ হয়নি তাঁদের সন্তান। তাই রাতে দোকানে পৌঁছে তাঁরা ক্ষোভ উগরে দিলে বিবাদ বাধে। জড়ো হয়ে যান আশপাশের মানুষ। শুরু হয় ব্যাপক বিক্ষোভ। খবর পেয়ে খড়দহ থানার পুলিশ পৌঁছে পরিস্থিতি সামাল দেয়। পুলিশ জানিয়েছে, কোনও অভিযোগ দায়ের হয়নি। প্রথম দোকানদার বিকল্প ওষুধ দিয়েছিল। বোঝাবুঝি থেকে বিবাদ হয়েছিল, পরে মিটেও গিয়েছে।

### যুবকের রহস্যমৃত্যু, গ্রেপ্তার মহিলা

■ **নিজস্ব সংবাদদাতা, কল্যাণী:** কল্যাণীতে এক যুবকের অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়াল। ঘটনায় গ্রেপ্তার করা হয়েছে এক মহিলাকে। শুক্রবার সকালে ঘটনাকে কেন্দ্র করে চাঞ্চল্য ছড়ায় কল্যাণী থানার ঘোড়াগাছা মদনডাঙা এলাকায়। মৃতের নাম মফিজুল সর্দার (২২)। ঘটনায় তদন্তে নেমে প্রিয়া খাতুন নামে (২৭) নামে এক মহিলাকে প্রথমে আটক, পরে মৃতের পরিবারের অভিযোগের ভিত্তিতে গ্রেপ্তার করে পুলিশ। দুজনের মধ্যে বিবাহ-বহির্ভূত সম্পর্ক ছিল বলে জানতে পেরেছে পুলিশ। প্রণয়ঘটিত কোনও টানাপোড়েনের জেরেই মহিলা মফিজুলকে খুন করেছে বলে অভিযোগ তাঁর পরিবারের। গোটা বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ। জানা গিয়েছে, ওই মহিলাই গুরুতর জখম অবস্থায় মফিজুলকে প্রথমে হাসপাতালে নিয়ে আসেন। সেখানে তাঁর মৃত্যুর পর খবর পেয়ে পুলিশ দেহ ময়নাতদন্তে পাঠায়।

উলুবেড়িয়া, বনগাঁর স্কুলে ভিন্ন চিত্র

# স্কুলে ডবল শিফটে ডিউটি, গার্ড দিলেন অশিক্ষক কর্মীরা

**নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া ও বনগাঁ:** অভূতপূর্ব পরিস্থিতি। এর আগে এই ধরনের কোনও পরিস্থিতিতে পড়তে হয়েছে বলে মনে করতে পারছেন না কেউই। ফলে, আপৎকালীন অবস্থা সামলাতে এগিয়ে এলেন সকলেই। মেনে চললেন সেই চিরন্তন ফরমুলা—'সবে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ'।

সুপ্রিম কোর্টের রায়ে একধাক্কায় ২৬ হাজার চাকরি বাতিল হয়ে গিয়েছে। এদিকে, স্কুলে স্কুলে চলছে টার্মিনাল পরীক্ষা। এই অবস্থায় পরিস্থিতি সামলাতে এগিয়ে এলেন শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরাই। কোথাও শিক্ষকরা ডবল শিফট করলেন তো কোথাও অশিক্ষক কর্মচারীরা গার্ড দিয়ে উতরে দিলেন পরীক্ষার দিন। অপেক্ষাকৃত তরুণ শিক্ষকরা নিলেন বেশি দায়িত্ব। তবে পরীক্ষা কোনওমতে সামলাতে পারলেও নিয়মিত স্কুল চালু হলে কী হবে, সেটা ভেবেই চিন্তা বাড়ছে স্কুল কর্তৃপক্ষের।

হাওড়া গ্রামীণ এলাকার একাধিক স্কুলে দেখা গেল, চাকরিহারাদের অনুপস্থিতিতে বাকি শিক্ষক ও অশিক্ষক কর্মচারীরাই স্কুল সামলাচ্ছেন। আমতা বিধানসভার ডিএমবি হাই স্কুলের ৬ জন শিক্ষকের চাকরি বাতিল হয়েছে। এদিন স্কুলে এসেছিলেন মাত্র একজন। তাই একাধিক শিক্ষককে ডবল ডিউটি করতে হয়েছে। দুটি শিফটেই তাঁদের ডিউটি করতে হয়েছে। শ্যামপুর গুজারপুর সুরেন্দ্রনাথ বিদ্যাপীঠের তিনজন শিক্ষকের চাকরি গিয়েছে। তাঁরা কেউই আসেননি। তাঁদের ডিউটি ভাগাভাগি করে নিয়েছেন এতদিনের সহকর্মীরা। পাঁচলা আজিম মোয়াজ্জেম উচ্চ বিদ্যালয়ের চাকরি বাতিল হওয়া চার শিক্ষকই আসেননি। ফলে, অতিরিক্ত দায়িত্ব পালন করেন অন্যান্য সহশিক্ষকরা। একজন অশিক্ষক কর্মচারীকে পরীক্ষার গার্ড দিতে হয়। ভাটোরা ইউনিয়ন হাই স্কুলের ল্যাব অ্যাসিস্ট্যান্টের চাকরি যাওয়ায় স্কুল চালু হলে প্র্যাকটিক্যাল ক্লাসের কী হবে, তা নিয়ে চিন্তায় কর্তৃপক্ষ।

অন্যদিকে, উত্তর চব্বিশ পরগনার বনগাঁর একাধিক স্কুলে শিক্ষক-শিক্ষিকার অভাবে পরীক্ষা বাতিলের কোনও ঘটনা ঘটেনি। কোনও কোনও স্কুলে অফিস স্টাফ, অশিক্ষক কর্মচারীদের দিয়েও পরীক্ষা হলে গার্ড দেওয়ার ব্যবস্থা করা হয়েছে।

# পড়ুয়াদের প্রতি কর্তব্য, রিষড়ায় স্কুলে আসবেন চাকরিহারা শিক্ষকরা

**নিজস্ব সংবাদদাতা, হুগলি:** বেনজির ঘটনা হুগলির রিষড়ায়। বৃহস্পতিবার সুপ্রিম কোর্টের রায়ে রাতারাতি কর্মহীন হয়ে গিয়েছেন যোগ্য ও অযোগ্য নির্বিশেষে প্রায় ২৬ হাজার শিক্ষক। রাজ্যের প্রায় সমস্ত সরকারি স্কুলেই একাধিক শিক্ষকের চাকরি গিয়েছে। সেই তালিকায় রয়েছে হুগলির রিষড়া বিদ্যাপীঠও। ওই স্কুলে ১২ জনের বেশ কয়েকজন শিক্ষক। তাঁরা প্রধান শিক্ষকের পাশে দাঁড়িয়ে জানালেন, বেতন না পেলেও ছাত্রদের প্রতি তাঁদের যে সামাজিক দায়িত্ব আছে একজন শিক্ষক হিসাবে তা তাঁরা পালন করে যাবেন।

স্কুলের প্রধান শিক্ষকের আবেদন, দলমত নির্বিশেষে সমাজের সমস্ত অংশের মানুষ যাতে এই কর্মচ্যুত



রিষড়া বিদ্যাপীঠে ক্লাস চলছে।

চাকরি বাতিল হয়েছে। কিন্তু, যেখানে অন্যান্য জেলায় চাকরিহারারা আর স্কুলমুখো হননি, সেখানে উল্টো পথে হেঁটে পড়ুয়াদের প্রতি সামাজিক ও নৈতিক দায়িত্ব পালনে অগ্রণী হলেন রিষড়া বিদ্যাপীঠের চাকরি হারানো শিক্ষকদের স্কুলে ফিরিয়ে দেওয়া নিয়ে উদ্যোগী হন। আগামী ৭ তারিখ নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এই কর্মচ্যুত শিক্ষকদের সঙ্গে দেখা করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সেদিকে তাকিয়ে চাকরিহারা শিক্ষকরা।

# বিধায়কের ভাইঝির চাকরি বাতিলে জোর জল্পনা তেহট্টে

**নিজস্ব সংবাদদাতা, তেহট্ট:** ২৬ হাজার চাকরি বাতিলের তালিকায় রয়েছেন বিধায়কের ভাইঝিও। সুপ্রিম কোর্ট যে তালিকা বাতিল করেছে, সেই তালিকায় রয়েছেন তেহট্টের তৃণমূল বিধায়ক তাপস সাহার ভাইঝিও। শান্তিপুরের হরিপুর পঞ্চায়েতের নৃসিংহপুর হাই স্কুলে চাকরি করতেন ব্রততী সাহা দেবনাথ। জীবনবিজ্ঞানের শিক্ষিকা ছিলেন তিনি। স্কুল কর্তৃপক্ষ সূত্রে জানা গিয়েছে, ওই স্কুলে চার জন জীবনবিজ্ঞানের শিক্ষিকা ছিলেন, তাঁদের মধ্যে দুজনের চাকরি বাতিল হয়েছে। সেই দুজনের মধ্যে একজন ব্রততী। তবে সিপিএমের অভিযোগ, আর্থিক লেনদেন করেই হয়তো চাকরি পেয়েছিলেন তিনি। যদিও অভিযোগ অস্বীকার করেছেন ব্রততী। অভিযোগ মানেননি তৃণমূল বিধায়ক তাপস সাহাও। ব্রততী বলেন, "কাকার (তাপস সাহা) সঙ্গে এ বিষয়ে কোনও কথা হয়নি। আর তা ছাড়া আমি ওঁর মাধ্যমে তো ঢুকিনি। কাকার সঙ্গে এ বিষয়ে কথা বলে কোনও সুরাহা হবে বলে মনে করি না। আমি নিজের যোগ্যতাতেই চাকরি পেয়েছি। ওঁর কোনও সুপারিশ বা টাকা দিয়ে আমি আসিনি। পরীক্ষা দিয়ে নিজের ব্যক্তিগত প্রচেষ্টায় এসেছি।'' সিপিএম তেহট্ট দক্ষিণ এরিয়া কমিটির সম্পাদক সুবোধ বিশ্বাস বলেন, "তৃণমূলের আত্মীয়-স্বজন যারা চাকরি পেয়েছে, তাদের বেশিরভাগই অযোগ্য।'' তাপস সাহা বলেন, "ও নিজের যোগ্যতাতেই চাকরি পেয়েছিল।"

# বহু স্কুলে বন্ধের মুখে ক্লাস-বিভাগ, প্রশ্নে খাতা দেখাও

**সংবাদ প্রতিদিন ব্যুরো:** সুপ্রিম কোর্টের রায়ে একলপ্তে বাতিল হয়ে গিয়েছে ছাব্বিশ হাজার শিক্ষক ও অশিক্ষক কর্মচারীর চাকরি। তারপর থেকে জেলায় জেলায় আতান্তরে পড়েছে স্কুলগুলি। স্কুলে এখন পরীক্ষা চলছে। এর কিছুদিন পরই পড়বে গরমের ছুটি। কিন্তু, স্কুল পুরোদস্তুর খুলে গেলে কীভাবে ক্লাস চলবে, কীভাবেই বা পঠনপাঠন চলবে, তা নিয়ে চিন্তায় স্কুলের প্রধান শিক্ষকরা।

একেই প্রচুর স্কুলে পর্যাপ্ত শিক্ষক নেই, তার উপর এতগুলি চাকরি বাতিল হয়ে যাওয়ায় ভবিষ্যতে স্কুল চালানো নিয়ে সমস্যায় পড়বেন বলে জানিয়েছেন দক্ষিণ চব্বিশ পরগনা জেলার একাধিক স্কুলের প্রধান শিক্ষক। পরিবর্তিত পরিস্থিতি সামাল দেওয়ার জন্য নতুন করে রুটিন তৈরি করা হবে বলে জানিয়েছেন সাগরের বামনখালি এমপিপি হাই স্কুলের ভারপ্রাপ্ত শিক্ষক সৌমিত্রকুমার দাস। তবে, তাতে সমস্যা পুরোপুরি মিটবে বলে মনে হচ্ছে না। বহু স্কুলে একসঙ্গে একাধিক শিক্ষকের চাকরি যাওয়ায় বন্ধের মুখে বিভিন্ন বিষয়ের ক্লাস। কোথাও আস্ত বিজ্ঞান বিভাগ বন্ধের আশঙ্কায় প্রধান শিক্ষকরা। জেলায় চাকরিহারা শিক্ষকদের অধিকাংশই এদিন স্কুলে উপস্থিত ছিলেন না। সোনারপুর, বারুইপুর, ক্যানিং, ভাঙড়-সহ বহু স্কুলে পরীক্ষা হলেও বেগ পেতে হয়েছে স্কুল কর্তৃপক্ষকে। ডিআই সানি মিশ্র জানান, জেলা জুড়ে বিশাল সংখ্যক শিক্ষক চাকরিহারা হওয়ায় প্রাথমিকভাবে যে সমস্যা তৈরি হয়েছে তার আশু সমাধান মিলবে বলেই তিনি আশাবাদী। স্কুলের পরিচালন সমিতিগুলি কী সিদ্ধান্ত গ্রহণ করে সে ব্যাপারে তিনি নজরে রাখছেন।

পরীক্ষার পর খাতা দেখা নিয়েও সমস্যা তৈরি হবে বলে আশঙ্কা একাধিক জেলার স্কুলের শিক্ষকদের। চাকরি বাতিল হওয়ায় নদিয়ায় বহু স্কুলে বন্ধের মুখে রসায়ন, ইংরেজি, অঙ্কের মতো বিষয়ের ক্লাসও। জরুরিভিত্তিতে অস্থায়ী শিক্ষক নিয়োগ করে এই সমস্ত বিষয় পড়ানোর বন্দোবস্ত করতে হবে বলে জানাচ্ছেন প্রধান শিক্ষকরা। যদিও, তা কতটা ফলপ্রসূ হবে, তা সময়ই বলবে। নদিয়া জেলাতেও এদিন বেশিরভাগ স্কুলেই চাকরিহারা শিক্ষকরা আসেননি। তবে, বেশকিছু স্কুলে চাকরি বাতিল হয়ে যাওয়া শিক্ষক-শিক্ষিকারা এসেছিলেন। প্রতিদিনের মতো দায়িত্ব পালন করেছেন। তবে, পরীক্ষাশেষে স্কুল খুললে কী হবে, তা নিয়ে চিন্তায় প্রধান শিক্ষকরা। বেতাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীপঙ্কর পাল জানান, "সুপ্রিম কোর্টের রায়ে আমাদের স্কুলে তিন জন ভালো শিক্ষক-শিক্ষিকাকে চলে যেতে হল। এদের মধ্যে একজন শিক্ষিকা পিএইচডি করেছেন। পরিষ্কার ভাষায় বলতে গেলে, অযোগ্যদের ভিড়ে হারিয়ে গেলেন যোগ্যরা।'' জেলার ডিআই জানান, উত্তর চব্বিশ পরগনা জেলাতেও একই চিত্র। জেলায় চাকরি হারিয়েছেন ২ হাজারের কিছু বেশি। জেলার বারাকপুর শিল্পাঞ্চল সংলগ্ন স্কুলগুলিতে খুব একটা সমস্যা না হলেও বনগাঁ মহকুমার কোনও স্কুলেই কার্যত চাকরিহারা শিক্ষক-শিক্ষিকারা গেলেন না। হাতেগোনা যে কয়েকটি স্কুলে চাকরিহারারা গিয়েছিলেন, সেখানে কিছুক্ষণ বসে থেকে তাঁরা ফের বাড়ি ফিরে গিয়েছেন। বনগাঁ কুমুদিনী উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ইন্দ্রাণী উকিল বলেন, "আমাদের স্কুলের সাত জন শিক্ষিকার চাকরি গিয়েছে। এদিন তারা স্কুলে আসবেন বলেও পরে কেউ আসেননি। এখন স্কুলে পঠন পাঠন বন্ধ আছে। পরীক্ষা চলছে। স্কুল পুরোদমে চালু হলে বোঝা যাবে পরিস্থিতি কী।'' গোপালনগর নহাটা সারদাসুন্দরী বালিকা বিদ্যামন্দির স্কুলের ৮ জন শিক্ষিকার চাকরি গিয়েছে। স্কুলের প্রধান শিক্ষিকা শম্পা পাল বলেন, "আমাদের স্কুলে একজন রাষ্ট্রবিজ্ঞান একজন কম্পিউটার সায়েন্সের শিক্ষিকা ছিলেন যাঁদের চাকরি গিয়েছে। ওই পদে আর কোনও শিক্ষক-শিক্ষিকা নেই। কীভাবে পঠন-পাঠন চলবে জানি না।''

বাগদার চরমণ্ডল সিএমপিপিবিকে ফুলমোহন হাই স্কুলের মোট ১০ জন শিক্ষক চলে যাওয়ায় স্কুলে আর কোনও বায়োলজির শিক্ষক থাকলেন না। অশিক্ষক কর্মীর চাকরি বাতিল হওয়ায় নেই ঘণ্টা বাজানোর লোকও। বৃহস্পতিবার, শুক্রবার মিড-ডে মিলের একটা কর্মীকে দিয়ে স্কুলের ঘণ্টা বাজানো হয়েছে। জেলা স্কুল শিক্ষা দপ্তর এ বিষয়ে কোনও মন্তব্য করতে চায়নি। হালিশহরের হাজিনগর হিন্দি আদর্শ বিদ্যালয়ের ৪৪ জন শিক্ষক-শিক্ষিকার মধ্যে ১৮জন আজ কর্মহীন। শুক্রবার এই খবর স্কুলে পৌঁছতেই দিশেহারা পড়ুয়া থেকে অভিভাবক সহ শিক্ষক-শিক্ষিকা সকলে। এই স্কুল মর্নিং ও ডে দুটি বিভাগে চলে। পড়ুয়ার সংখ্যা প্রায় সাড়ে তিন হাজার। এখন পরীক্ষা চললেও, পরবর্তীতে যখন পঠনপাঠন শুরু হবে তখন স্কুল কীভাবে চলবে তা ভেবে উঠতে পারছেন না কেউ। তবে, এদিন ১৮ জনের মধ্যে ৬ জন শিক্ষক সুপ্রিম-রায়ের পরও স্কুলে উপস্থিত হয়েছিলেন। তা নিয়ে চর্চাও হয়েছে বিশদে। কিন্তু এনিয়ে স্কুলের তরফে কেউই মুখ খুলতে চায়নি। স্কুলের টিচার ইন-চার্জ দেবেন্দ্রনাথ দুবে শুধুমাত্র জানিয়েছেন, "কর্মহারাদের যোগ্যতা নিয়ে কোনও প্রশ্নই নেই। অবশ্যই আমরা এনিয়ে চিন্তিত। নিশ্চয়ই ম্যানেজিং কমিটি, ডিআই অথবা সরকার বিকল্প ব্যবস্থা করবে।''



হালিশহরের হাজিনগর হিন্দি আদর্শ বিদ্যালয়ের বাইরে পড়ুয়াদের ভিড়।

# লিখিত নির্দেশ না পেয়ে বিভ্রান্তি, বহু জেলায় স্কুলে এলেন শিক্ষকরা

**স্টাফ রিপোর্টার, হাওড়া ও নিজস্ব সংবাদদাতা, আরামবাগ:** ২৪ ঘণ্টা পরও কাটেনি বিভ্রান্তি। সুপ্রিম কোর্টের নির্দেশমতো ২০১৬ সালের এসএসসিতে শিক্ষক ও শিক্ষাকর্মী নিয়োগের প্যানেলটি বাতিল হয়েছে। সেই তালিকায় বাতিল হওয়া ২৬ হাজারের মধ্যে হাওড়া জেলার প্রায় ৪০০ জন শিক্ষক ও ১০৩ জন অশিক্ষক কর্মীর নাম রয়েছে বলে জেলা শিক্ষা দপ্তর সূত্রে খবর। কিন্তু, তাঁদের যে চাকরি পুরোপুরি চলেই গিয়েছে, লিখিত নির্দেশ না পাওয়া পর্যন্ত তা শুক্রবার নিশ্চিত করে বলতে পারল না হাওড়া শহর ও গ্রামাঞ্চলের একাধিক স্কুল। জেলা স্কুল শিক্ষা দপ্তরও নিশ্চিতভাবে চাকরি চলে যাওয়ার কথা বলতে পারেনি। বেশ কয়েকটি স্কুলের প্রধান শিক্ষক থেকে শুরু করে জেলা স্কুল পরিদর্শক প্রত্যেকেই জানালেন, স্কুল শিক্ষা দপ্তর থেকে যতক্ষণ না লিখিত নির্দেশিকা আসছে ততক্ষণ ওইসমস্ত শিক্ষকদের যে চাকরি থাকছে না তা নিশ্চিত করে তাঁরা বলতে পারছেন না। ফলে জেলাজুড়ে একটা বিভ্রান্তি তৈরি হয়েছে।

হতাশার মধ্যেও শিক্ষা দপ্তরের লিখিত নির্দেশিকার দিকে তাকিয়ে চাকরিহারারা। অনেকেই শুক্রবার স্কুলে গিয়েছেন, অন্যান্যদিনের মতোই ক্লাস করেছেন। রাজ্য সরকার কী নির্দেশ দেয়, আপাতত সেদিকে তাকিয়ে সকলে। হাওড়া জেলা স্কুল শিক্ষা পরিদর্শক সুজিতকুমার হাইত বললেন, "শুক্রবার দুপুর পর্যন্ত রাজ্য শিক্ষা দপ্তর থেকে সরকারিভাবে কোনও কিছু পাইনি আমরা। ফলে এখনই এ ব্যাপারে কিছু বলা মুশকিল। কারণ এই নিয়োগ প্রক্রিয়া পুরোটাই এসএসসি বা মধ্যশিক্ষা পর্ষদ থেকে হয়েছে।''

খানিকটা একই অবস্থা হুগলি জেলার আরামবাগ মহকুমার। জেলা শিক্ষাদপ্তরের পক্ষ থেকে লিখিত নির্দেশিকা না পাওয়া ইস্তক মহকুমার বহু স্কুলেই এদিন চাকরি বাতিল হয়ে যাওয়া শিক্ষক-শিক্ষিকারা এসেছিলেন। নিয়মমাফিক ক্লাসও নিয়েছেন। তবে, কেউ কেউ আদালতের নির্দেশ শোনার পর এদিন স্কুলে গেলেও স্কুল থেকে ফিরে আসেন। আরামবাগ স্টেশন চত্বরে বেশ কিছুক্ষণ ধরনা দেন। হতাশাভরা গলায় তাঁরা জানালেন, তাঁরা সকলেই যোগ্য এবং স্বচ্ছতার সঙ্গে নিয়োগ পেয়েছিলেন। মহকুমার একাধিক স্কুলের প্রধান শিক্ষকদের দাবি, সরকারি কোনও নির্দেশ পাইনি। তাই আমরা এখনই কিছু বলতে পারব না।''

হাওড়ার শিবপুর ভবানী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রাবণী পান বললেন, "২০১৬-র এসএসসির প্যানেলে আমাদের স্কুলের ২ জন শিক্ষিকা রয়েছেন। কিন্তু যতক্ষণ না জেলা স্কুল শিক্ষা দপ্তরের সরকারি নির্দেশিকা আসছে ততক্ষণ কিছু বলতে পারছি না।''

### পাম্পকর্মী খুনে যাবজ্জীবন

**নিজস্ব সংবাদদাতা, নদিয়া:** নদিয়ার শান্তিপুরে পেট্রোল পাম্পের এক কর্মীকে খুনের ঘটনায় তিন অভিযুক্তের বিরুদ্ধে আমৃত্যু কারাদণ্ডের সাজা ঘোষণা করল আদালত। রাজ্যে এই প্রথম ভারতীয় ন্যায়সংহিতা আইনে খুনের ঘটনায় আমৃত্যু কারাদণ্ডের সাজা ঘোষণা হল। ২০২৪ সালের ৮ সেপ্টেম্বর গভীর রাতে রানাঘাট থেকে কৃষ্ণনগরগামী একটি মাছবোঝাই গাড়ি শান্তিপুর থানার কন্দখোলা পেট্রোল পাম্পে তেল নিতে ঢোকে। অভিযোগ, তেল ভরার পর টাকা না দিয়েই পালানোর চেষ্টা করলে ওই গাড়িকে বাধা দেন পাম্পের কর্মী বিশ্বজিৎ দাস। তিনি গাড়ি আটকাতে গেলে তাঁকে কার্যত চাপা দিয়ে পালিয়ে যায় ওই গাড়ি। তদন্তে নেমে ৩ দিনের মধ্যেই ঘাতক গাড়ি ও চালক-সহ ৪ জনকে হাসনাবাদ থানার বসিরহাট থেকে গ্রেপ্তার করে পুলিশ। একজন ছিল নাবালক। বৃহস্পতিবার ৩ অভিযুক্তকে দোষী সাব্যস্ত করে আদালত। আর শুক্রবার দোষী ৩ জনকে আমৃত্যু যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন রানাঘাট ফাস্ট ট্র্যাক কোর্টের বিচারক মনোদীপ দাশগুপ্ত।

# কোপে ক্যানসার আক্রান্ত, দৃষ্টিহীন শিক্ষকের চাকরিও

**স্টাফ রিপোর্টার, বারাকপুর ও নিজস্ব সংবাদদাতা, কল্যাণী:** ক্যানসারে আক্রান্ত সোমা দাসের চাকরি বাতিল হয়নি। কিন্তু, মারণ কর্কটরোগেই আক্রান্ত আরেক শিক্ষকের চাকরি বাতিল হয়ে গিয়েছে সুপ্রিম কোর্টের নির্দেশে। এক মারণরোগে আক্রান্তের ক্ষেত্রে সুপ্রিম কোর্ট সদয় হলেও কেন তাঁর ক্ষেত্রে হবে না, সেই প্রশ্ন উঠেছে। কাঁচরাপাড়া মিউনিসিপ্যাল পলিটেকনিক হাই স্কুলের শিক্ষক আবদুল আল আমিন। তাঁর বাড়ি মুর্শিদাবাদ জেলার লালগোলা। ২০১৯ সালে তিনি এই স্কুলে অঙ্কের শিক্ষক হিসাবে যোগ দিয়েছিলেন। পরের বছরই তাঁর ক্যানসার ধরা পড়ে। শিক্ষকতা করেই ক্যানসারের ব্যয়বহুল চিকিৎসা চালাচ্ছিলেন তিনি। সুপ্রিম কোর্টের নির্দেশে চাকরি বাতিল হয়ে যাওয়ায় অথৈ জলে পড়েছেন তিনি। একইভাবে চাকরি বাতিল হয়ে যাওয়া নিয়ে খেদ প্রকাশ করেছেন দৃষ্টিহীন শিক্ষক মৃণালকান্তি সাহা। নদিয়ার শিমুরালি উপেন্দ্র বিদ্যাভবন হাই স্কুলের রাষ্ট্রবিজ্ঞানের শিক্ষক তিনি।

# শ্রীরামপুরে স্বামীর বাৎসরিকের পরদিনই স্কুলে যোগ দিয়ে দুঃসংবাদ

**নিজস্ব সংবাদদাতা, হুগলি:** স্বামীর আকস্মিক মৃত্যুতে জীবন যেন থমকে গিয়েছিল শ্রীরামপুরের একটি নামজাদা উচ্চ বালিকা বিদ্যালয়ের বাংলার শিক্ষিকা, মালদার ইংরেজবাজারের বাসিন্দা আবীরা দাসের। চার বছরের শিশুসন্তানকে নিয়ে কার্যত অথৈ জলে পড়েছিলেন তিনি। ভেবেছিলেন, কোনওমতে জীবনযুদ্ধে লড়াই করার রসদ জোগাড় করে নেবেন। কিন্তু, তাতেও বাধ সাধল পরিস্থিতি। বুধবার, স্বামীর বাৎসরিক পারলৌকিক কাজ করার পর স্কুলে যোগ দেন আবীরা। তার পরদিনই বিনা মেঘে বজ্রপাতের মতো এল সুপ্রিম কোর্টের নির্দেশ। এক নির্দেশে বাতিল হয়ে গেল ২৬ হাজার শিক্ষকের চাকরি। তাতে নাম রয়েছে আবীরারও। তারপর থেকেইল পৃথিবীটা যেন শূন্য হয়ে গিয়েছে তাঁর কাছে। স্বামীর মৃত্যুর পর ধীরে ধীরে নিজেকে গুছিয়ে নেওয়ার চেষ্টা করছিলেন তিনি। ভেবেছিলেন, সন্তানকে নিয়ে একাই লড়াই করে যাবে বাকি জীবনটা। কিন্তু, সুপ্রিম কোর্টের নির্দেশে সব ওলোটপালোট হয়ে গিয়েছে। মানসিভাবে বিপর্যস্ত আবীরা শুক্রবার জানালেন, ''এক বছর আগে স্বামীকে হারিয়েছি। তার পরেও তদন্ত চলাকালীন যা, যা নথি চাওয়া হয়, সব দিয়ে সহযোগিতা করেছি। অযোগ্যদের তালিকায় নাম না-থাকা সত্ত্বেও চাকরি চলে গেল। অপরাধী জানতেই পারল না, কী তার অপরাধ। ফাঁসি হয়ে গেল।''

যেমন, পোলবার সুগন্ধা গ্রাম পঞ্চায়েতের কামদেবপুর গ্রামের বাসিন্দা জিতেন টুডু। ২০১৮ সালের ১৮ এপ্রিল হারিট হাইস্কুলে গ্রুপ-ডি পিওন পদে চাকরিতে যোগ দিয়েছিলেন। সুপ্রিম কোর্টের রায় শোনার পর দৃশ্যতই মুষড়ে পড়ে তিনি। অবস্থা বুঝে স্কুলের শিক্ষকরা তাঁকে বাড়িতে পৌঁছে দিয়ে যান। পরিবার জানিয়েছে, অনটনে ধুঁকতে থাকা পরিবারে আলো জ্বালিয়েছিল ছেলের চাকরি। আদালতের নির্দেশে জিতেনের চাকরি যেতেই অন্ধকার নেমেছে আদিবাসী পরিবারে।

অন্যদিকে, সিঙ্গুরের নালিকুলের একটি স্কুলে চাকরি হারানো তৃতীয় শ্রেণির এক অশিক্ষক কর্মী বলেন, ''মাধ্যমিকে প্রথম বিভাগে পাশ করার পাশাপাশি অঙ্কে লেটার পেয়েছিলাম। বনদপ্তরে কাজের সুযোগও পেয়েছিলাম। কিন্তু স্কুলে চাকরি করব বলেই অন্য চাকরিতে নাম লেখাইনি। চাকরি করার সুবাদে ব্যাঙ্ক ঋণ নিয়ে বাড়িঘর করেছি। সমাজে একটা সম্মান ছিল। কিন্তু এ দিনের পরে বাড়ি থেকে বেরোনোর রাস্তাই বন্ধ হয়ে গেল।''

# বন্ধুর বাবার হাতে খুন ৮ বছরের শিশু

**নিজস্ব সংবাদদাতা, বসিরহাট:** দুই বাচ্চা বন্ধুর শিশুসুলভ ঝগড়ায় নাক গলাল এক বন্ধুর বাবা। রাগের চোটে ৮ বছরের শিশুকে অস্ত্র দিয়ে কুপিয়ে খুনের অভিযোগ উঠল তার বিরুদ্ধে। শুক্রবার এই ঘটনায় চাঞ্চল্য ছড়ায় বসিরহাটের মাটিয়া থানা এলাকায়। বালককে খুনে অভিযুক্ত কাকা পলাতক। তার খোঁজ শুরু করেছে পুলিশ। এমন ঘটনায় ক্ষোভে ফুঁসছেন স্থানীয়রা। স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সকালে মাটিয়ার চৈতা গ্রাম পঞ্চায়েতের গাঙাআঁটি এলাকায় বাড়ির সামনে খেলছিল ৮ বছরের আমিনুর জামান। তার সঙ্গে বল নিয়ে খেলছিল আরেক খুদে। হঠাৎ বল নিয়ে দুই খুদের মধ্যে ঝগড়া শুরু হয়। অভিযোগ, সেই সময় এক বাচ্চার বাবা কামরুল জামান ছুটে গিয়ে আমিনুরকে মারধর করে। সেখানেই থেমে থাকেনি সে, একটি ধারালো কুড়ুল দিয়ে নাবালক ভাইপোকে কোপাতে থাকে বলে অভিযোগ। চিৎকার করে কাঁদতে কাঁদতে মাটিতে পড়ে যায় নাবালক। প্রতিবেশীরা ছুটে এলে কামরুল অস্ত্র ফেলে দৌড়ে পালায়। রক্তাক্ত বালককে ধান্যকুড়িয়া গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

**TENDER NOTICE**

Tender is being invited for the civil works, detail of which is available on: **http://wbtenders.gov.in.**

**1. NOTICE INVITING e-TENDER NO. 01/04/2025/BEUP/ BEL-1/2025-2026**

Memo No - **1484/EN Date-02/04/2025.** Last date of application: **12/04/2025 (upto 18.00 hours)**

**Sd/-, BLOCK DEVELOPMENT OFFICER BELDANGA-I DEV BLOCK**

e-TENDER NOTICE

**BiprasekharG P**

Ref-NIeT-01/BGP/2025-26/ 15th CFC-BG& PBG-IBRD, (Sl-01to06),dated 03/04/2025 Last date of submission of bid on **16/04/2025, 16:30** (as per server clock). For other details information please see the website http://wbtenders.gov.in

Sd/-
Prodhan,
Biprasekhar GP
Murshidabad

**PREMISES REQUIRED IN BIDHANNAGAR**

SBI Funds Management Limited (A Joint Venture between SBI & Amundi), the Asset Management Company for SBI Mutual Fund invites offers from owners / PSUs / PSU Banks / Reputed parties for furnished / unfurnished office premises on **Ground Floor** preferably with parking facility at **Bidhannagar (In & around Ultadanga Square, CIT Scheme, Kankurgachi, Bidhannagar Main Road, Hudco More)** measuring around **1500 to 2000 sq. ft. Carpet Area.**

The premises should be available for possession immediately or within one month from the date of acceptance of the offer. Brokers please excuse. Interested parties are requested to download the details from our website **www.sbimf.com** available under **'Downloads - Tenders'** and submit offers having premises in those areas only. The last date of receipt / submit of offer in the prescribed formats is **April 30, 2025 at 4.00 P.M.**

The Company reserves the right to reject any or all the proposals without assigning any reasons thereof.

SBI FUNDS MANAGEMENT LIMITED

**SBI Funds Management Limited**
(A Joint Venture between SBI & AMUNDI)
(CIN: U65990MH1992PLC065289)
9th Floor, Crescenzo, C-38 & 39, G Block, Bandra-Kurla Complex, Bandra (E), Mumbai – 400 051.

**পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ**

**গণপতিনগর উত্তর সোনামুই: পূর্ব মেদিনীপুর**

**E-Auction-01, 02, 03, 06 (4th Call) & 22 NOTICE (ফেরী ঘাট)**

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ পরিচালনাধীন ফেরীঘাটগুলির বাংলা ১৪৩২ সনের ১৫ই বৈশাখ থেকে ১৪৩৪ সনের ৩০ শা চৈত্র (২ বছর ১১ মাস ১৫ দিনের) জন্য ইজারা বিলি উপরোক্ত E-Auction নোটিশ গুলির মাধ্যমে নীলাম ডাক অনুষ্ঠিত হইবে। প্রকাশনের তারিখ - ০৪-০৪-২০২৫। বিস্তারিত www.purbamedinipur.gov.in এবং বিবরন www.eauction.gov.in এই website থেকে জানিতে পারিবেন। প্রয়োজনে জেলা পরিষদের বন ও ভূমি দপ্তরে অফিসের দিনগুলিতে যোগাযোগ করিতে পারিবেন।

স্বাঃ-, সচিব
পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

**e-Tender Notice**

The Prodhan Haridasmati Gram Panchayat invites e-Tender through e-Procurement System from the bonafied and resourceful Contractors and outsiders for NIeT Nos. i) 11/ PRODHAN / HARIDASMATI GP/ 5th SFC / 2024-25 , ii) 12 / PRODHAN / HARIDASMATI GP/ 15th FC/2024-25, Both dated -03/04/2025. Last date of Bid submission: 17/04/2025 upto 2.00PM. For details visit web site https://wbtenders.gov.in

Sd/-
Prodhan Haridasmati G.P.
Berhampore Block,Murshidabad

**e-TENDER NOTICE**

Kumarsanda GramPanchayat

**Ref NIeTNo-MSD/KAN/KGP/e-NIT/01/2025-26. Memo No- 150/KGP Date – 03/04/2025. SL-01,Source of Fund Untied. BID START 04/04/2025,17.00 Hrs.**

**Last date of submission bid on 17/04/2025upto17.00 Hrs.**

(as per server clock). For other details information please see the website http://wbtenders.gov.in

**Sd/-**
**Prodhan,**
**Kumarsanda G.P.**
**Murshidabad**

**Notice Inviting Tender e-NIT No. 31/2024-25/PS/Rani-II(2nd call)**

**On line e- tender are hereby invited by the undersigned.**

**Last Date of Download : 10.04.2025 upto 14.30 hrs.**

**Please visit website htpp://wbtenders.gov.in for further quarry in details.**

**Sd/-**
**Executive Officer**
**Raninagar-II Panchayat Samity**

**PUBLIC NOTICE**

This is to inform the general public and investors that the Authorised Person, **Mr. Koustav Chowdhury,** engaged with **Upstox Securities Private Limited (Upstox)**, was allegedly involved in providing advisory service in relation to securities without being registered with Securities and Exchange Board of India **(SEBI)** as "**Registered Investment Advisor**", or seeking necessary permission from **SEBI** in this regard, which violates the regulations stipulated by the SEBI.

As per Clause 2 (i) of the SEBI circular dated October 22, 2024 regarding "Association of persons regulated by the SEBI and their agents with certain persons" it is explicitly mandated that any SEBI registered intermediaries including a Stock Broker, shall not have direct or indirect association with another person who is "providing advice or any recommendation, directly or indirectly, in respect of or related to a security or securities, unless the person is registered with or otherwise permitted by the SEBI to provide such advice or recommendation". Further, the registered intermediaries have been advised to terminate their existing contracts, if any, with such persons engaged in such activities as mentioned in the circular referred above.

Authorised Person should not be involved in any advisory services or provide any recommendations in respect to any securities unless it is registered or otherwise permitted by the SEBI. In accordance with these regulations, and upon review and inspection of his YouTube channel/Social Media's,we have decided to sever our Authorised relationship with **Mr. Koustav Chowdhury.**

Please be advised that **Mr. Koustav Chowdhury** is no longer associated with **Upstox** in any capacity. In compliance with the Stock Exchange requirements, we are issuing this public notice to inform all stakeholders and the general public about the severance of our relationship.

All investors and clients associated with **Mr. Koustav Chowdhury** are advised to take note of this termination and refrain from any further dealings with him in the capacity of an Authorised Person of **Upstox**. Please note that Upstox, as an entity, will not be responsible for any past or future dealings with **Mr. Koustav Chowdhury.**

**For Upstox Securities Private Limited**
**Sd/-**
**Compliance Officer**

**Choapara Gram Panchayat**

| | |
|---|---|
| **NIeT NO.-** | **016/CGP/15thCFC/2024-25, Memo No:- Choa/075(9)/2024-25, Dated :28/03/2025 & 017/CGP/15thCFC/2024-25, Memo No:- Choa/075(9)/2024-25, Dated :28/03/2025** |
| DATE OF PUBLISHING | 04/04/2025 (18:00 ) |
| START DATE OF SUBMISSION TENDER | 04/04/2025 (18:00 ) |
| LAST DATE OF SUBMISSION | 14/04/2025 (11:00 ) |
| DATE OF BID OPENING | 16/04/2025 ( 11.30 ) |

FOT MORE INFORMATION PLZ VISITE **wbtenders.gov.in**

**Sd/-, Prodhan**
**Choapara Gram Panchayat**
**Choapara, Jalangi, Murshidabad**

**OFFICE OF THE**
**4NO MADHUPUR GRAM PANCHYAT**
**P.O:-Madhupur, P.S:-Nowda, Dist:-Murshidabad, Pin-742121**

Notice inviting Tender by the under signed for **11 Nos** work vide **NIT No-01/MGP/15TH& 5TH SFC/2025-26, Memo No-75/MGP, date - 03/04/2025.**

Last date and time of application is **12/04/2025 upto 18.00hrs.**

For further details following may be visited **http://wbtenders gov.in** or G.P. Office on working days.

**S/d. Prodhan**
**Madhupur Gram Panchayet,**
**Nawda, Murshidabad**

Nippon india Mutual Fund
Wealth sets you free

Mutual Fund Investor Awareness Program

To increase awareness about Mutual Funds, we conduct Investor Awareness Programmes (IAPs) across the country. Schedule of upcoming IAP is as mentioned below:

| Date | Time | Location |
|---|---|---|
| 07th April, 2025 | 11:30 AM | Howrah |

**Venue:** Jodkalyan, Teroparbon Hall, Sariala, Near Jodkalyan High school, P.O - Amta, Howrah - 711401.

**Name:** Abhirup Laha | **Mob. No.:** 9331792929

Nippon Life India Asset Management Limited | CIN : L65910MH1995PLC220793

Good gets better

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.

Nippon india Mutual Fund
Wealth sets you free

Mutual Fund Investor Awareness Program

To increase awareness about Mutual Funds, we conduct Investor Awareness Programmes (IAPs) across the country. Schedule of upcoming IAP is as mentioned below:

| Date | Time | Location |
|---|---|---|
| 08th April, 2025 | 05:00 PM | Berhampore |

**Venue:** Hotel Fame, 24/A/7 Kalikapur Road, Shilpo Taluk, Beside Berhampore Railway station and Meen Bhawan, Berhampore, West Bengal - 742101..

**Name:** Santu Mandal | **Mob. No.:** 9331002512

Nippon Life India Asset Management Limited | CIN : L65910MH1995PLC220793

Good gets better

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.

Nippon india Mutual Fund
Wealth sets you free

Mutual Fund Investor Awareness Program

To increase awareness about Mutual Funds, we conduct Investor Awareness Programmes (IAPs) across the country. Schedule of upcoming IAP is as mentioned below:

| Date | Time | Location |
|---|---|---|
| 07th April, 2025 | 06:00 PM | Berhampore |

**Venue:** Hotel Fame, 24/A/7 Kalikapur Road, Shilpo Taluk, Beside Berhampore Railway station and Meen Bhawan, Berhampore, West Bengal - 742101.

**Name:** Santu Mandal | **Mob. No.:** 9331002512

Nippon Life India Asset Management Limited | CIN : L65910MH1995PLC220793

Good gets better

Mutual Fund investments are subject to market risks, read all scheme related documents carefully.